দৈনিক সংবাদ

250

তারিখ NOV. 04 1999
পৃষ্ঠা 6 কলাম 8

### লাগাতার হরতাল

# লাখ লাখ স্কুল ছাত্রদের ভাগ্যে কি ঘটবে?

চলতি মাসে বিরোধীদলগুলো লাগাতার হরতালের কর্মসূচি হাতে নিয়েছে। তাহলে দেশের লাখ লাখ স্কুল ছাত্রের ভাগ্যে কি ঘটবে? এ মাসে দেশের লাখ লাখ স্কুল ছাত্রের বার্ষিক পরীক্ষায় বসার কথা। চার দলীয় জোট ইতোমধ্যে ৭ ও ৮ই নভেম্বর হরতাল ডেকেছে এবং তারা আরো কঠিন কর্মসূচির হুমকি দিয়েছে। ইউএনবি।

রমজানের কথা মাথায় রেখে সরকার দেশের সকল প্রাথমিক ও মাধ্যমিক স্কুলকে ১৮ই নভেম্বরের মধ্যে বার্ষিক পরীক্ষা শেষ করার নির্দেশ দিয়েছে। ডিসেম্বরের দ্বিতীয় সপ্তাহে রমজান শুরু হচ্ছে।

কিছু কিছু স্কুলে পরীক্ষা ইতোমধ্যে শুরু হয়েছে। আগামী সপ্তাহে ছাত্ররা পরীক্ষার মাঝামাঝি পর্যায়ে থাকবে।

বিভিন্ন স্কুল ও কলেজের শিক্ষকরাও একইভাবে পরীক্ষা অনুষ্ঠানের আগে কোর্স শেষ করার বিষয়টি নিয়ে উদ্বিগ্ন।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের এক কর্মকর্তা জানান, ঘন ঘন হরতালের কারণে স্কুলগুলোর জন্য পরীক্ষার সময়সূচি নির্ধারণ করা কঠিন হয়ে পড়েছে।

হরতাল ডাকার আগে বিরোধীদলগুলো স্কুল ছাত্রদের পরীক্ষার বিষয়টি বিবেচনা করেছে কিনা জানতে চাইলে শীর্ষস্থানীয় এক বিএনপি নেতা বলেন, স্কুলের সময়সূচি জেনে কর্মসূচি দেয়া সম্ভব নয়। স্কুল কর্তৃপক্ষের উচিত আমাদেরকে অনুসরণ এবং সে অনুযায়ী পরীক্ষার আয়োজন করা।